ইমারজেন্সি এম্বুলেন্স এবং 999 (৯৯৯) কল্‌স

যদি কোনও সময়ে জীবন হানির আশঙ্কা আছে এইরকম অবস্থায় আপনার ইমারজেন্সি এ্যাম্বুলেন্স-এর প্রয়োজন হয় তাহলে **999** -এ ফোন করুন।

এন.এইচ.এস ২৪ এবং লোদিয়ান 'আউট অফ আওয়ার্স' (নিয়মিত দৈনিক কর্মসময়ের বাইরে) সেবাযত্ন

এন.এইচ.এস লোদিয়ান এবং এন.এইচ.এস ২৪ নিশ্চিত করতে চান যে নিয়মিত দৈনিক কর্মসময়ের বাইরে, যখন জি.পি. প্র্যাকটিস বন্ধ থাকে - যেমন শনি, রবিবারে, রাতে এবং ছুটির দিনে তখনও আপনি ঠিকমত চিকিৎসা ও সেবা পেতে পারবেন। যদি আপনার স্বাস্থ্যের ব্যাপারে জরুরি উপদেশের প্রয়োজন হয় এবং জি.পি প্র্যাকটিস আবার খোলা পর্যন্ত আপনি অপেক্ষা করতে না পারেন তাহলে এন.এইচ.এস. ২৪ , 08454 24 24 24 -এ ফোন করুন।

আপনাকে 'আউট অফ আওয়ার্স'-এ দেখার প্রয়োজন হয় তাহলে আপনার পক্ষে যেখানে সবচেয়ে বেশি সুবিধা সেই 'আউট অফ আওয়ার্স' সেন্টারে আপনার জন্য এ্যাপয়ন্টমেন্ট করে দেওয়া হবে।

লক্ষ্য করুন 'আউট অফ আওয়ার্স' সেন্টারগুলিতে কেবলমাত্র **এ্যাপয়ন্টমেন্ট** করেই যাওয়া যায়।

কমিউনিটি ফার্মাসী - আপনার বাড়ির কাছের রাস্তাতেই আপনার স্বাস্থ্যের সেবাযত্ন

বিশেষজ্ঞদের কাছ থেকে স্বাস্থ্য সম্পর্কীয় তথ্য এবং উপদেশ পেতে হলে আপনার স্থানীয় ফার্মাসীতে যান। আপনার কমিউনিটি ফার্মাসিতে উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীরা আছেন যারা আপনার স্বাস্থ্যরক্ষার ব্যাপারে সেবাযত্ন দিতে পারবেন এবং সাধারণ অসুস্থতার চিকিৎসা করতে পারবেন।

এন.এইচ.এস লোদিয়ান-এর সব জায়গায় কমিউনিটি ফার্মাসি '**মাইনর এইলমেন্ট সার্ভিস**' (সাধারণ অসুস্থতা চিকিৎসা ও সেবা) এমন লোকেদের দিতে পারেন যার প্রেসক্রিপসনের জন্য কোন পয়সা দেন না। আরো বিশদ তথ্যের জন্য আপনার ফার্মাসিস্টকে বলুন।

আরো তথ্য

এন.এইচ.এস লোদিয়ান সার্ভিস সম্পর্কে আরো তথ্য জানতে হলে আমাদের ওয়েবসাইট দেখুন   www.nhslothian.scot.nhs.uk

Bengali version, June 2009.

NHS
Lothian

সঠিক চিকিৎসা
সঠিক সময়ে
সঠিক জায়গায়

আপনার ২৪ ঘন্টাব্যাপী চিকিৎসা সেবা পাওয়ার নির্দেশ

স্বাগতম

আপনি যাতে যখন দরকার হবে তখনই আপনার স্বাস্থ্যের ব্যাপারে চিকিৎসা ও সেবা পান এটা নিশ্চিত করার জন্য এন.এইচ.এস. লোদিয়ান দিন রাত ২৪ ঘন্টা কাজ করে। আমাদের লক্ষ্য এটা নিশ্চিত করে নেওয়া যে আপনি ঠিক সময়ে ঠিক জায়গায় উপযুক্ত চিকিৎসা ও সেবা পাচ্ছেন।

জি.পি. সার্জারি

স্বাস্থ্য সম্পর্কীয় উপদেশ, চিকিৎসা অথবা প্রেসক্রিপশনের জন্য আপনি আপনার জি.পি. সার্জারিতে এ্যাপয়ন্টমেন্ট (ডাক্তারের সঙ্গে দেখা করার বন্দোবস্ত) করতে পারেন । জি.পি.-কে জেনারেল প্র্যাকটিশনার-তাদের ফ্যামিলি ডাক্তার ও বলা হয়।

জি.পি. সার্জারি ছোট বড় নানারকম আকারের হতে পারে এবং সেখানে নানাধরনের কর্মী থাকতে পারেন, যার মধ্যে আছেন নার্স, হেল্থ ভিজিটর, ডিস্ট্রিক্ট নার্স, কাউন্সেলর, পোডিয়াট্রিস্ট (পায়ের চিকিৎসা করেন) এবং কমিউনিটি সাইকিয়াট্রিক
(মানসিক রোগের) নার্স।

জি.পি. সার্জারিতে কয়েকটি বিশেষ ধরনের 'ক্লিনিক' এর ব্যবস্থা আছে যেগুলিতে ডায়াবেটিস (বহুমূত্ররোগ) এ্যাজমা (হাঁপানি) ও অন্যান্য অসুস্থতার চিকিৎসাও সেবা দেওয়া হয়। আপনার স্থানীয় সার্জারিতে কি কি সেবা পাওয়া যায় তা জানার জন্য তাদের কাছে এই সম্পর্কীয় তথ্যের লিফলেট (পুস্তিকা) চেয়ে নিন।

কি ভাবে জি.পি.র কাছে নাম রেজিস্টার করা যায়

আপনার এলাকার জি.পি. সার্জারির তালিকা পাওয়ার জন্য অথবা জি.পি.র কাছে নাম রেজিস্টার করার জন্য 0131 537 8488 নম্বরে ফোন করুন। জি.পি. সার্জারি সম্পর্কে বিশদ বিবরণ আমাদের ওয়েবসাইট www.nhslothian.scot.nhs.uk এও পাওয়া যাবে।

ওয়েব সাইট ' Home Page' এ 'Our Service' লেখা জায়গায় ক্লিক করুন তারপর 'Find a GP' ঐ পাতার বাঁ দিকের ওপরদিকে) লেখা শব্দতে ক্লিক ('Click') করুন। 'পোস্টকোড' বলে চিহ্নিত করা বক্সে আপনার বাড়ির ঠিকানার পোস্ট কোড টাইপ করে দিন তারপর আপনার বাড়ির সবচেয়ে কাছের জি পি প্রাকটিস জেনে নেওয়ার জন্য 'find nearest' শব্দে ক্লিক করুন।

সাধারণ অসুস্থতা ও আঘাত লাগা

সাধারণ অসুস্থতা ও আঘাত লাগার ক্ষেত্রে আপনার জি.প. প্র্যাকটিস-এর সঙ্গে যোগাযোগ করুন অথবা এডিনবরার ওয়েস্টার্ন জেনারেল হসপিটাল-এ ইমার্জেন্সি ক্লিনিক (Minor Injuries Clinic) -এ যান। এই পুরস্কার প্রাপ্ত নার্সদের দ্বারা পরিচালিত ক্লিনিক-এ বিশেষজ্ঞ নার্স, ফিজিওথেরাপি (ব্যায়াম, তাপ ইত্যাদির দ্বারা চিকিৎসার চিকিৎসক) এবং প্যারামেডিক প্র্যাকটিশনার (চিকিৎসা কাজের পরিপূরক ও সহায়ক) আছেন যারা নানা ধরনের স্বাস্থ্য সম্পর্কীয় সমস্যার চিকিৎসা করেন যার মধ্যে আছে:

- ছোটখাট কাটা ও পোড়া
- সংক্রামক কিছু হওয়া এবং পোকামাকড় কামড়ানো
- মচকে গিয়েছে এরকম মনে হলে
- ছোটখাট হাড় ভেঙ্গে যাওয়া (কাঁধ থেকে হাতের আঙুল ও হাটু থেকে পায়ের আঙুলের হাড়)

কর্মীরা এখানে বয়স্ক লোক ও এক বছরের বেশি বয়সের শিশুদের চিকিৎসা করেন (যদিও তারা ১২ বছরের কম বয়সী ছেলেমেয়েদের X-ray করতে পারেন না অথবা কালপোল ছাড়া ওষুধ দিতে পারেন না।) **সকাল ৮ টা থেকে রাত্রি ৯ টা** পর্যন্ত খোলা। কোনও এ্যাপয়ন্টমেন্ট করার প্রয়োজন নেই।

- **মাইনর ইন্জুরিস ক্লিনিক,**

ওয়েস্টার্ন জেনারেল হসপিটাল , Crewe Road South, Edinburgh EH4
(পটারফিল্ড রোড দিয়ে ঢুকতে হবে) কোনকিছু জানতে হলে **0131 537 1330/1331** নম্বরে ফোন করুন ।

এ্যাক্সিডেন্ট এ্যান্ড এমারজেন্সি সার্ভিসেস (দুর্ঘটনা এবং আকস্মিক জরুরি অবস্থার চিকিৎসা বিভাগ)

এ.এইচ.এস. লোদিয়ান এবং এ্যাক্সিডেন্ট এবং ইমারজেন্সি (A&E) বিভাগ রয়্যাল ইনফার্মারি অফ এডিনবরা, দ্য রয়াল হসপিটাল ফর সিক চিল্ড্রেন এডিনবরা এবং সেন্ট জন্স হসপিটাল, লিভিংস্টন -এ আছে। এই A&E সেবার ব্যবস্থা কেবলমাত্র জরুরি ও আকস্মিক অবস্থার জন্য।

A&E আপনার জি.পি.-র বিকল্প ব্যবস্থা নয়, কাজেই আপনার ডাক্তার আপনাকে তখনই দেখতে না পারলে বা জি.পি. সার্জারি বন্ধ থাকলে A&E তে যাবেন না। অনুগ্রহ করে নিজেকে প্রশ্ন করে দেখুন "আমার চোট বা জখমের জন্য সত্যিই কি A&E -এর দরকার আছে?" এবং যাদের সত্যিই A&E দরকার তাদের জন্য জায়গা খালি রাখতে আমাদের সাহায্য করুন।